

## দৈনিক সংবাদ

### চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় আজ খুলছে

(নিজস্ব বার্তা পরিবেশক)

শরৎকালীন ছুটি ও দুর্গাপূজার জন্য দীর্ঘ ১৭ দিন বন্ধ থাকার পর আজ শনিবার চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় পুনরায় খুলছে। তবে ক্যাম্পাস ও ছাত্রাবাসগুলোতে ইসলামী ছাত্রশিবির তাদের অবস্থান আরো সংহত করায় বিশ্ববিদ্যালয় খোলার প্রাক্কালে সাধারণ ছাত্রছাত্রী এবং প্রগতিশীল ছাত্র সংগঠনসমূহের নেতা-কর্মীদের মধ্যে আতঙ্ক বিরাজ করছে।

বন্ধের মধ্যে ১৯৮৮ সালের এমএ, এমএসসি, এমএসএস ও এমকম পরীক্ষা সম্পন্ন হয়েছে। কিন্তু পরীক্ষা শেষ হবার প্রেক্ষিতে হলসমূহের 'শূন্য' হয়ে যাওয়া সীট নিয়ে ছাত্রশিবিরের এক পরিকল্পিত ষড়যন্ত্রের অভিযোগ পাওয়া গেছে।

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় পৃঃ ৮ কঃ ৩

### চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় ১৭ দিন পর আজ খুলছে

(১ম পাতার পর)

সাধারণ ছাত্রছাত্রীরা অভিযোগ করে যে, মাস্টার্স পরীক্ষার্থীদের পরীক্ষা শেষ হওয়াতে প্রতিটি হলে শতাধিক সীট খালি হয়ে যাচ্ছে। ইতিমধ্যে কর্তৃপক্ষ শূন্য সীটের বরাদ্দলাভের জন্য দরখাস্ত আহ্বান করেন। কিন্তু শিবির ছাড়া অন্য কোন সংগঠনের নেতা-কর্মী সীটের জন্য দরখাস্ত জমা দিতে পারেনি। হলে হলে পাহারা বসিয়ে শিবিরকর্মীরা অন্যদের দরখাস্ত জমাদানে বাধা প্রদান করে। ছাত্রছাত্রীরা এ ব্যাপারে কর্তৃপক্ষের যথাযথ হস্তক্ষেপ কামনা করেছে।

বিশ্ববিদ্যালয় খোলার প্রথম দিনে আজ ছাত্র সংগঠনগুলো কোন কর্মসূচী দেয়নি। তবে শিবিরের একটি সূত্র জানিয়েছে, তাদের সংগঠন আগের মতই বিশ্ববিদ্যালয়ে অচলাবস্থা বজায় রাখা ও বিদ্রূপ সৃষ্টির সকল উদ্যোগ অব্যাহত রাখবে। ছাত্রশিবির উপাচার্যকেও তার কার্যালয়ে আসতে দেবে না বলে সূত্র জানায়।

বিশ্ববিদ্যালয়ের সঙ্গে সংশ্লিষ্ট একটি সূত্র জানায়, আজ ক্যাম্পাসের বিভিন্ন স্থানে পুলিশ মোতায়েন থাকবে এবং বিশ্ববিদ্যালয়ের সকল যানবাহন চলাচল করবে। নভেম্বরের প্রথম সপ্তাহ থেকে দ্বিতীয় বর্ষ (অনার্স) এবং দ্বিতীয় সপ্তাহ থেকে তৃতীয় বর্ষ (অনার্স) ফাইনাল পরীক্ষা শুরু হবে বলে কর্তৃপক্ষ সূত্র জানা গেছে।

65